ভারতী

আবির্ভাব: 'ভারতী' পত্রিকা ছিল জোড়াসাঁকোর ঠাকুর পরিবারের কাগজ। ১৮৭৭ সালের জুলাই মাসে পত্রিকাটির প্রথম আবির্ভাব। এটি একটি মাসিক পত্রিকা।

সম্পাদক: দ্বিজেন্দ্রনাথ ও জ্যোতিরিন্দ্রনাথের আগ্রহেই পত্রিকাটির প্রথম প্রকাশ। জ্যোতিরিন্দ্রনাথ সম্পাদক না হলেও 'প্রকৃতপক্ষে ভারতী জ্যোতিবাবুরই মানসকন্যা', সম্পাদকরূপে ছিলেন প্রথমে দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, তারপর যথাক্রমে স্বর্ণকুমারী দেবী, হিরণ্ময়ী ও সরলা দেবী, রবীন্দ্রনাথ, মণিলাল গঙ্গোপাধ্যায় এবং সৌরীন্দ্রমোহন মুখোপাধ্যায়।

উদ্দেশ্য: স্বদেশীয় ভাষায় আলোচনা, স্বদেশ ও বিদেশের জ্ঞান উপার্জন, স্বদেশীয় ভাবাবেগের প্রকাশ প্রভৃতি এই পত্রিকার উদ্দেশ্য ছিল।

গুরুত্ব:

* 'ভারতী' পত্রিকা মূলত ঠাকুরবাড়ির সদস্যদের আত্মপ্রকাশের মাধ্যম হলেও সেকালের বহু বিশিষ্ট সাহিত্য ব্যক্তিত্বের সাক্ষাৎ পাওয়া যায়।
* 'ভারতী' পত্রিকায় রবীন্দ্রনাথের বহুমুখী সাহিত্য প্রতিভার প্রকাশ লক্ষ্য করা যায়। যেমন, তাঁর অনেকগুলি ছোটগল্প, প্রবন্ধ, কবিতা।
* এই পত্রিকায় স্থান পেয়েছিল সাহিত্য, রাজনীতি, ইতিহাস, দর্শন, বিজ্ঞান, শিক্ষা, শিল্প, অভিনয় ইত্যাদি বিষয়।
* গদ্যরীতির বিবর্তনে এই পত্রিকার ভূমিকা ছিল যথেষ্ট।
* গ্রন্থসমালোচনার ক্ষেত্রে 'ভারতী' এক অগ্রণী ভূমিকা নিয়েছিল।

'ভারতী' পত্রিকার সম্পাদকগণ	সম্পাদনার সময়কাল
১। দ্বিজেন্দ্রনাথ ঠাকুর	(১২৮৪ – ১২৯০)
২। স্বর্ণকুমারী দেবী	(১২৯১ – ১৩০১)
৩। হিরণ্ময়ী দেবী ও সরলা দেবী	(১৩০২ – ১৩০৪)
৪। রবীন্দ্রনাথ ঠাকুর	(১৩০৫)
৫। সরলা দেবী	(১৩০৬ – ১৩১৪)
৬। স্বর্ণকুমারী দেবী	(১৩১৫ – ১৩২১)
৭। মণিলাল গঙ্গোপাধ্যায় ও সৌরীন্দ্রনাথ মুখোপাধ্যায়	(১৩২২ – ১৩৩০)
৮। সরলা দেবী	(১৩৩১ – ১৩৩৩)